দৈনিক সংবাদ

তারিখ 09 MAR 1992
পৃষ্ঠা ৫ কলাম ১

# নরসিংদীর প্রাথমিক বিদ্যালয়ে লেখাপড়া বিঘ্নিত হচ্ছে

নরসিংদী, ৮ই মার্চ (নিজস্ব সংবাদদাতা)।- নরসিংদী জেলার প্রাথমিক বিদ্যালয়গুলোতে শিক্ষক ও আসবাবপত্রের অভাবের কারণে জেলার সরকারী প্রাথমিক বিদ্যালয়-সমূহে ছাত্রছাত্রীদের লেখাপড়া ব্যাহত হচ্ছে।

নরসিংদী জেলার ৬টি উপজেলায় সরকারী প্রাথমিক বিদ্যালয়ের সংখ্যা ৫শ' ৭৭। এই বিদ্যালয়গুলোতে প্রায় ১ লাখ ৯২ হাজার ২শ' ৭৯ জন ছাত্রছাত্রী লেখাপড়া করে। দীর্ঘদিন ধরে স্কুলগুলোতে শিক্ষক ও আসবাবপত্রের সংকট চলছে।

অন্যদিকে নরসিংদী জেলায় দীর্ঘদিন যাবৎ ৪৪ জন শিক্ষক-শিক্ষয়িত্রীর পদ শূন্য রয়েছে। আরও জানা যায়, জেলার প্রাথমিক বিদ্যালয়ে শিক্ষক পদসংখ্যা ছাত্রছাত্রীর সংখ্যার তুলনায় কম এবং জেলার অধিকাংশ বিদ্যালয়েই প্রয়োজনীয় চেয়ার, বেঞ্চ ও ব্লাকবোর্ড নেই। এ কারণে ছাত্রছাত্রীদের শিক্ষাদান ব্যাহত হচ্ছে।